The office of the present Auditor M/S S. F. Ahmed & Co., Chartered Accountants will expire with the completion of 11th Annual General Meeting (AGM); being eligible they offered themselves for reappointment as external auditor of the Company for the FY 2019-20. The Board has recommended M/S S. F. Ahmed & Co., Chartered Accountants as the Statutory Auditors for the year 2019-20. On the other hand, Pursuant to rule 9(2) of the Corporate Governance Code dated 03 June 2018 of BSEC, it is necessary to appoint a professional for BSCCL who will provide the certificate on compliance of the said Corporate Governance Code. The Board has recommended M/S Suraiya Parveen & Associates, as the Corporate Governance Auditors for the year 2019-20.

Compliance of Corporate Governance Code

BSCCL has complied with all the necessary guidelines under BSEC Corporate Governance Notification No. SEC/CMRRCD/2006-158/207/Admin/80, Dated: 3 June 2018. The compliance report, Declaration or certification by the CEO and the CFO to the Board as required under condition No. 3(3) of Corporate Governance Code and Certificate of Compliance issued by M/S Suraiya Parveen & Associates are annexed in this report.

Conclusion

The Board of Directors would like to convey its heartiest gratitude to all the shareholders for their co-operation and support towards development of the Company. The Board of Directors would like to express its grateful appreciation for the support and guideline received from the Ministries of Posts, Telecommunications & Information Technology, Finance, Commerce, Science & Technology, Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC), Bangladesh Telecommunications Co. Ltd. (BTCL), BSEC, DSE, CSE, CDBL, RJSC, NBR and other Government Organizations.

The Directors also wish to express their thanks to BSCCL Management for good team spirit, hard work, and dedicated services towards the growth and progress of the Company. The Directors also thank all the staff of the company, the valued customers of the company, the suppliers of goods and services and Banks and Financial Institutes for their support. The Board of Directors expects that IT related services would flourish in the country and the country would achieve the goal of being a knowledge based society in course of time. Thank you very much for your kind participation.

Thanks & regards,
For and on behalf of the Board of Directors



Mashiur Rahman
MANAGING DIRECTOR, BSCCL



Nasir Uddin Ahmed, FCA, FCS
INDEPENDENT DIRECTOR, BSCCL

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

সন্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) –এর ১১তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাচ্ছি। ৩০ জুন ২০১৯খ্রিঃ তারিখে সমাপ্ত হিসাব বৎসরের জন্য কোম্পানির পরিচালকমণ্ডলীর প্রতিবেদন, নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং নিরীক্ষা প্রতিবেদন আপনাদের উদ্দেশ্যে উপস্থাপন করতে পেরে আমরা আনন্দিত।

আর্থ-সামাজিক প্রেক্ষাপট এবং আন্তর্জাতিক টেলিযোগাযোগ শিল্পখাত :

বিগত কয়েকটি বছরে বাংলাদেশের অর্থনীতি বাৎসরিক ৮% এর অধিক প্রবৃদ্ধি হার সহকারে বিকশিত হয়েছে। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার অল্প কয়েকটি দেশের মধ্যে একটি দেশ যার বিগত কয়েক বছরের অর্জিত বার্ষিক জিডিপি প্রবৃদ্ধির হার ধারাবাহিকভাবে ৭% এর অধিক। উল্লিখিত অর্জনসমূহের ফলে বাংলাদেশ সারা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। টেলিযোগাযোগ, গ্যাস ও বিদ্যুৎ খাতে সরাসরি বৈদেশিক বিনিয়োগের ফলে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি ঘটেছে।

দারিদ্র বিমোচন, শিশু মৃত্যুহার হ্রাস, নারী অধিকার বাস্তবায়ন, মাথাপিছু আয়, গড় আয়ু প্রত্যাশা, ডিজিটাল বিভেদ হ্রাস, সমতার হার এবং অন্যান্য সূচকের ক্ষেত্রে সাম্প্রতিক বছরগুলোতে দক্ষিণ এশিয়া অপরাপর দেশগুলির তুলনায় বাংলাদেশের কথা বিশেষভাবে আলোচনায় আসছে। “মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল” এর লক্ষ্যসমূহের মধ্যে কিয়দংশ বাংলাদেশ প্রত্যাশিত সময়ের আগেই অর্জন করে ফেলেছে। সড়ক পরিবহন ও যোগাযোগ, বিদ্যুৎ ও পানি সরবরাহ ব্যবস্থার অবকাঠামো উন্নয়নে বাংলাদেশ সন্তোষজনক গতিতে এগিয়ে চলেছে। বাংলাদেশ গত কয়েকটি বছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রেও ব্যাপক অগ্রগতি অর্জন করেছে। সম্প্রতি বাংলাদেশ নিম্ন আয়ের দেশের তালিকা হতে মধ্যম আয়ের দেশ হিসেবে বিবেচিত হয়েছে।

বিশ্বায়নের এই যুগে টেলিযোগাযোগ অত্যন্ত তাৎপর্যপূর্ণ একটি বিষয়, অর্থনৈতিক উন্নয়নে যার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন লক্ষ্য হচ্ছে দেশের জন্য একটি শক্তিশালী টেলিযোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা। আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থার শুরুতে আমাদের দেশ সিলেট, তালিাবাদ, বেতবুনিয়া এবং মহাখালীতে অবস্থিত ভূ-ক্ষেত্রের মাধ্যমে উপগ্রহ ব্যবস্থার সঙ্গে সংযুক্ত ছিল। কম্পিউটার, মোবাইল ও সাবমেরিন ক্যাবল নেটওয়ার্ক ব্যবস্থার আবির্ভাবের ফলে টেলিযোগাযোগ খাতে এক নতুন যুগের সূচনা হয়েছে যার ফলে যোগাযোগ প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের মত একটি ঘনবসতিপূর্ণ দেশে টেলিযোগাযোগ অর্থনৈতিক ও জনগণের জীবনমান উন্নয়নে একটি নিয়ামক ভূমিকা পালন করতে পারে। আমাদের দেশে ১৯৯০ সাল থেকে আজ পর্যন্ত মোবাইল যোগাযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে এবং মোবাইল ব্যবহারকারীর সংখ্যা এখন প্রায় ১৬.২৬ কোটি। সরকার স্কুল ও কলেজ পর্যায়ে ইন্টারনেট সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে এবং ইন্টারনেট সেবা সর্ব সাধারণের জন্য ক্ষমতার মধ্যে নিয়ে আসার জন্য কয়েক দফা মূল্য হ্রাস করেছে। যার ফলে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা ধীরে ধীরে সারা দেশে ছড়িয়ে পড়ছে। বর্তমানে বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা হচ্ছে ৯.৮১ কোটি। সাবমেরিন ক্যাবল ব্যবস্থার মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেটের দ্রুত প্রসার ঘটবে। এক্ষেত্রে সাবমেরিন ক্যাবল ব্যবস্থাকে টেলিযোগাযোগের মূলভিত্তি হিসেবে গণনা করা হয়ে থাকে। সাবমেরিন ক্যাবল ব্যবস্থায় উন্নত প্রযুক্তি ব্যবহার অতিউচ্চমাত্রার ব্যান্ডউইথ এবং উন্নতমানের সেবা সরবরাহের মাধ্যমে বাংলাদেশ এবং বহিঃবিশ্বের সাথে টেলিযোগাযোগ রক্ষা করা হয়।

বাংলাদেশে বিএসসিসিএল –এর সাবমেরিন ক্যাবল ব্যবস্থার মাধ্যমে ডেটার ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থা যেমনঃ - আইআইজি, আইজিডারিউ, মোবাইল অপারেটর এর সুবিধা ভোগ করে আসছে। “ভিশন-২০২১” বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে এবং সে লক্ষ্যে ব্রডব্যান্ড ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া সকল ইউনিয়ন পরিষদ, ১৭ লক্ষ শিক্ষা প্রতিষ্ঠানকে ব্রডব্যান্ড যোগাযোগ ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করেছে। “ভিশন ২০২১” বাস্তবায়নের জন্য প্রচুর ব্যান্ডউইথ এর প্রয়োজন হতে পারে যার একমাত্র যোগাযোগনা হাবে বিএসসিসিএল।

বিএসসিসিএল বাংলাদেশ সরকারের রাজস্ব আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিএসসিসিএল এর সাবমেরিন ক্যাবল ব্যবস্থা আন্তর্জাতিক টেলিযোগাযোগ অবকাঠামোর মূল ভিত্তি। সাবমেরিন ক্যাবল এর উচ্চগতি সম্পন্ন সেবা ও নির্ভরযোগ্য সংযোগের ফলে বর্তমানে বিশ্বের ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবস্থা খুব দ্রুত গতিতে উন্নতি সাধন ও জনপ্রিয়তা লাভ করেছে। বর্তমানে প্রায় সকল আন্তর্জাতিক ট্রাফিক সাবমেরিন ক্যাবল এর মাধ্যমে সরবরাহ হয়ে থাকে। অপটিক্যাল সাবমেরিন ক্যাবল ব্যবস্থার ব্যাপক চাহিদা রয়েছে এবং একটি সাবমেরিন ক্যাবল উক্ত ক্যাবলের অংশীদারী দেশ সমূহের জন্য গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ।

ব্যবসায়িক প্রতিযোগিতা ও সম্ভাবনার চিত্র :

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) একটি মূল টেলিযোগাযোগ সেবা প্রদানকারী সংস্থা যা আন্তর্জাতিক সাবমেরিন (ফাইবার অপটিক) ক্যাবলের মাধ্যমে টেলিযোগাযোগ সেবা দিয়ে থাকে। বিএসসিসিএল বাংলাদেশ এবং বহিঃবিশ্বের মাঝে সাবমেরিন ক্যাবলের মাধ্যমে উচ্চমানের ব্যান্ডউইথ সমৃদ্ধ টেলিযোগাযোগ সংযোগ স্থাপন করে থাকে। বিএসসিসিএল অবকাঠামোগত সহায়তা প্রদানের মাধ্যমে দেশকে আন্তর্জাতিক তথ্য মহাসড়কে সংযুক্ত করেছে। বর্তমানে বিএসসিসিএল এর অধীনে SEA-ME-WE-4 ও SEA-ME-WE-5 শীর্ষক দুটি আন্তর্জাতিক সাবমেরিন ক্যাবল রয়েছে যার মাধ্যমে দেশের আইআইজি ও আইজিডারিউ গ্রাহকগণকে সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি সরবরাহ করে থাকে। বিএসসিসিএল SMW-4 ও SMW-5 আন্তর্জাতিক কনসোর্টিয়ামে বাংলাদেশের প্রতিনিধিত্ব করে থাকে। বর্তমানে বিএসসিসিএলের অধীনে দুটি সাবমেরিন ক্যাবল অপারেশনাল অবস্থায় থাকায় যে কোন একটি সাবমেরিন ক্যাবল অকার্যকর হলে অন্যটি দিয়ে দেশের চাহিদা মেটানো সম্ভব হবে। সাবমেরিন ক্যাবল ব্যান্ডউইথ সরবরাহের মাধ্যমে বিএসসিসিএল বাংলাদেশ সরকারের রাজস্ব আয়ে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। দেশের টেলিযোগাযোগ সেক্টরে কয়েকটি বিকাশমান সংস্থাসমূহের মাঝে বিএসসিসিএল একটি। এ কথা বলা যায় যে, বিএসসিসিএল-এর সাবমেরিন ক্যাবলদ্বয়ই হচ্ছে আন্তর্জাতিক টেলিযোগাযোগের মূল অবকাঠামো।

বর্তমানে দেশের অভ্যন্তরে সাবমেরিন ক্যাবল টেলিযোগাযোগ সেক্টরে বিএসসিসিএল এর কোন বিকল্প নেই এবং বিএসসিসিএলই হচ্ছে বড় ব্যান্ডউইথের একমাত্র সরবরাহকারী। এটি সরকারের নিকট হতে সাবমেরিন ক্যাবল দ্বারা সার্ভিস প্রদানের জন্য অনুমতি প্রাপ্ত একমাত্র কোম্পানি। আইআইজি এবং আইজিডারিউ কোম্পানিগুলো বিএসসিসিএল থেকে সরকার অনুমোদিত ট্যারিফ, নির্ধারিত লাইসেন্সিং গাইড লাইন, নিয়ম ও শর্তাবলী এবং রেগুলেশন অনুসারে ব্যান্ডউইথের লীজ গ্রহণ করে থাকে। তবে বিএসসিসিএলের পাশাপাশি বিটিআরসি কর্তৃক লাইসেন্সকৃত ৬টি আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল ক্যাবল (আইটিসি) কোম্পানিসমূহ পার্শ্ববর্তী দেশসমূহের সঙ্গে আন্তর্জাতিক লিংক তৈরি করে আইপিএলসি সেবা প্রদান করেছে।

সুতরাং বর্তমান সময়ে আইটিসি লাইসেন্সধারী কোম্পানিগুলোই ব্যবসায়িক ক্ষেত্রে বিএসসিসিএল এর মূল প্রতিযোগী। আইটিসি লাইসেন্সধারী কোম্পানিগুলো ভারতের সঙ্গে ভূমির উপর দিয়ে লিংক স্থাপন করে ব্যান্ডউইথ ব্যবসা করছে এবং দেশে ব্যান্ডউইথের বিকল্প সরবরাহকারী হিসেবে কাজ করছে। আইটিসি কোম্পানিগুলো কম মূল্যে ব্যান্ডউইথ সরবরাহ করার কারণে বিএসসিসিএল উল্লেখযোগ্য ভাবে প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে। তা সত্ত্বেও বিএসসিসিএল বাংলাদেশের প্রায় ৬০% ব্যান্ডউইথ এককভাবে সরবরাহ করে থাকে। বাজার সম্প্রসারণ ও আইটিসি কোম্পানিগুলোর সাথে প্রতিযোগিতায় থাকার জন্য বিএসসিসিএল ইতোমধ্যে এর ব্যান্ডউইথের দাম উল্লেখযোগ্য ভাবে হ্রাস করেছে।

বিএসসিসিএল বিটিআরসির নিকট হতে ২০১৩ সালে আইআইজি লাইসেন্স পেয়ে আইআইজি ইউনিটের বাণিজ্যিক কার্যক্রম শুরু করে। উক্ত ইউনিট হতে বিভিন্ন আইআইজি ও আইএসপি অপারেটরগণকে আইপি ট্রানজিট সেবা প্রদানের মাধ্যমে কোম্পানি উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব অর্জন করেছে। তাছাড়া বিএসসিসিএল ভারতের ত্রিপুরা রাজ্যে ফেব্রুয়ারী, ২০১৬খ্রি. হতে ১০ জিবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ রপ্তানি করে যাচ্ছে। আশা করা যায় ভবিষ্যতে এ খাত হতে কোম্পানির আয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে।

পণ্য ও সেবা :

বিটিআরসি লাইসেন্সিং গাইডলাইন অনুযায়ী বিএসসিসিএল অনুমোদিত প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিত কোম্পানিগুলোর নিকট ব্যান্ডউইথ লীজ ও আইপি ট্রানজিট সেবা প্রদান করে থাকে :

- ১। আইআইজি (ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে) কোম্পানিসমূহকে আইপিএলসি ও আইপি ট্রানজিট সেবা।
- ২। আইজিডাব্লিউ (ইন্টারন্যাশনাল ডয়েস গেটওয়ে) কোম্পানিসমূহকে আইপিএলসি সেবা।
- ৩। আইএসপি (ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার) কোম্পানিসমূহকে আইপি ট্রানজিট সেবা।
- ৪। বিটিআরসি কর্তৃক অনুমোদিত কর্পোরেট ব্যবহারকারী কোম্পানি বা সংস্থাসমূহকে আইপিএলসি সেবা।
- ৫। সরকারের অনুমোদন সাপেক্ষে আন্তর্জাতিক বাজারে আইপিএলসি ও ইন্টারনেট ব্যান্ডউইথ লীজ।
- ৬। আইআইজি, আইজিডাব্লিউ, আইএসপি, এনটিটিএন এবং অন্যান্য গ্রাহকগণকে কো-লোকেশন সেবা (জায়গা, বিদ্যুৎ, কারিগরি সহায়তা ইত্যাদি)।


ক্যাপাসিটি, ব্যান্ডউইথের ব্যবহার এবং নতুন সাবমেরিন ক্যাবল কমিশনিং :

২০০৬ সালে বাংলাদেশ তৎকালীন বিটিটিবি'র তত্ত্বাবধানে SMW-4 কনসোর্টিয়ামের সদস্য হিসেবে যোগদান করে এবং ৭.৫ জিবিপিএস ব্যান্ডউইথ নিয়ে দেশের সাবমেরিন ক্যাবল যুগের যাত্রা শুরু হয়। পরবর্তীতে আপগ্রেড-১ এবং ২ এর মাধ্যমে কোন বিনিয়োগ ছাড়াই বেশ কিছু ব্যান্ডউইথ অর্জিত হলে ২০০৮ সাল নাগাদ দেশের সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি বৃদ্ধি পেয়ে প্রায় ৪৪.৬০ জিবিপিএস-এ উন্নীত হয়। একই বছরে অর্থাৎ জুলাই, ২০০৮খ্রি.-তে বিটিটিবি বিলুপ্ত হয়ে বিটিটিবি'র অধীনে থাকা SMW-4 কনসোর্টিয়ামের সাবমেরিন ক্যাবল অংশ ও কক্সবাজার ল্যান্ডিং স্টেশনের মালিকানা সহ বিএসসিসিএল কোম্পানি হিসেবে আত্মপ্রকাশ করে। ২০১১খ্রি.-তে ৪৮ কোটি টাকা নিজস্ব তহবিল হতে বিনিয়োগের মাধ্যমে SMW-4 সাবমেরিন ক্যাবলের আপগ্রেড-৩ প্রক্রিয়ায় অংশগ্রহণ করে বিএসসিসিএল অতিরিক্ত ৬.৮ মিলিয়ন মিউ কিং মিঃ ক্যাপাসিটি অর্জন করে। উক্ত আপগ্রেডেশন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর SMW-4 সাবমেরিন ক্যাবলে বিএসসিসিএল ক্যাপাসিটি বৃদ্ধি পেয়ে (প্রাথমিক বিবেচনায় ২০০ জিবিপিএস এবং পরবর্তীতে ব্যান্ডউইথ চাহিদার ধরণ বিবেচনায়) প্রায় ৩০০ জিবিপিএস-এ উন্নীত হয়। পরবর্তী সময়ে ২০১৪খ্রি.-তে বিএসসিসিএল দ্বিতীয় সাবমেরিন ক্যাবল তথা SMW-5 সাবমেরিন ক্যাবল কনসোর্টিয়ামে যোগদান করে এবং নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার পর ২০১৭খ্রি.সালে মাননীয় প্রধানমন্ত্রী এর বাণিজ্যিক কার্যক্রম উদ্বোধন করেন। উক্ত ক্যাবল হতে কোম্পানির প্রাথমিক ভাবে ১৫০০ জিবিপিএস ব্যান্ডউইথ ক্যাপাসিটি অর্জন করে। সম্প্রতি সময়ে উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে SMW-5 সাবমেরিন ক্যাবলে বিএসসিসিএলের মোট ব্যান্ডউইথ ক্যাপাসিটি বৃদ্ধি পেয়ে ২৩০০ জিবিপিএস এ উন্নীত হয়। একই সাথে সুরক্ষা নীতি পরিবর্তনের ফলে SMW-4 সাবমেরিন ক্যাবলে বিএসসিসিএলের মোট ব্যান্ডউইথ ক্যাপাসিটি বৃদ্ধি পেয়ে ৪০০ জিবিপিএস এ উন্নীত হয় (ফুল সার্কিট বিবেচনায়)। উল্লিখিত ক্যাপাসিটি বৃদ্ধির ফলে সম্প্রতি সময়ে বিএসসিসিএলের মোট ব্যবহারযোগ্য ক্যাপাসিটির পরিমাণ দাঁড়িয়েছে ২৭০০ জিবিপিএস-এ। অন্য দিকে জুন, ২০১৯খ্রিঃ মাসে দেশব্যাপী বিএসসিসিএলের ক্যাপাসিটি ব্যবহারের পরিমাণ (ভারতে ১০ জিবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ রপ্তানিসহ) প্রায় ৬৮৬ জিবিপিএস যা গত বছর একই সময়ে ছিল ৪৪৬.৪৮ জিবিপিএস।

বছরভিত্তিক কোম্পানির মোট ব্যান্ডউইথ ক্যাপাসিটি ও ব্যবহার সংক্রান্ত তথ্য ও চার্ট নিম্নে প্রদান করা হল :

	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯
ব্যবহার (জিবিপিএস)	২২.৫০	৩৩.৫২	১৩২.১৬	২৪৬.৯৮	৪৪৬.৮৮	৬৮৬.০০
ক্যাপাসিটি (জিবিপিএস)	২০০.০০	২০০.০০	২০০.০০	১৮০০.০০	১৮০০.০০	২৭০০.০০

*SMW-4 ও SMW-5 সাবমেরিন ক্যাবল হতে বিএসসিসিএলের অর্জিত মোট সিস্টেম ক্যাপাসিটির পরিমাণ ২৭০০ জিবিপিএস।



খাতভিত্তিক আয়ঃ

বিএসসিসিএল কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার গত দুই বছরের খাতভিত্তিক আয়ের তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপন করা হলোঃ

(টাকা)

সার্ভিসের নাম	২০১৮-১৯	২০১৭-১৮	প্রবৃদ্ধি	প্রবৃদ্ধি %
আইপিএলসি	১৪৩,৬৯,০৭,৭২৪	৯১,০৫,৫৩,২৩১	৫২,৬৩,৫৪,৪৯৩	৫৭.৮১
আইপি ট্রানজিট সার্ভিস	৩৯,৭৬,৯৬,৫০৩	৩৬,৩২,৭১,৯৩৫	৩,৪৪,২৪,৫৬৮	৯.৪৮
আইপি ট্রানজিট সার্ভিস (ভারতে রপ্তানী)	৫,৮৭,৫১,৬৩৮	৭,২৬,৭৩,৫২০	(১,৩৯,২১,৮৮২)	*(১৯.১৬)
সার্কিট সংযোগ চার্জ	২,১৫,৩২,০০০	১,৬৮,৬৩,০০০	৪৬,৬৯,০০০	২৭.৬৯
কো-লোকেশন চার্জ	৪,০৭,৭৮,১০৮	৪,১৬,৭৪,৫৩৪	(৮,৯৬,৪২৬)	(২.১৫)

(*) চুক্তি অনুযায়ী সেবার মূল্য হ্রাসজনিত কারণে।

SWOT বিশ্লেষণ :

সামর্থ্যসমূহ :

- বিএসসিসিএল রাষ্ট্রীয় মালিকানাধীন একটি পাবলিক লিমিটেড কোম্পানি যার প্রায় ৭৪% শেয়ার সরকারের।
- বিএসসিসিএল SMW-4 ও SMW-5 নামক দুটি সাবমেরিন ক্যাবলের কনসোর্টিয়ামের মালিকানা সম্পন্ন একমাত্র বাংলাদেশী প্রতিষ্ঠান।
- বিএসসিসিএল দ্বিতীয় সাবমেরিন ক্যাবল SMW-5 স্থাপনের মাধ্যমে বিকল্প সাবমেরিন ক্যাবল যোগাযোগ ব্যবস্থা সৃষ্টি করেছে এবং উক্ত ক্যাবল হতে বর্তমান জাতীয় চাহিদা পূরণ করেও পাশ্চাত্য দেশসমূহে রপ্তানির জন্য পর্যাপ্ত পরিমাণ ব্যান্ডউইথ রয়েছে।
- টেলিযোগাযোগ শিল্পে দেশে ও বিদেশে নির্ভরযোগ্য ও মানসম্পন্ন সেবার জন্য বিএসসিসিএল -এর যথেষ্ট সুনাম রয়েছে।
- বিএসসিসিএল সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এর গ্রাহকদের উন্নতমানের ব্যান্ডউইথ সরবরাহ করছে।
- বিএসসিসিএল গ্রাহকগণকে ২৪x৭ ভিত্তিতে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে।
- বিএসসিসিএল সৃষ্টি লগ্ন থেকে একটি মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠান এবং দ্বিতীয় সাবমেরিন ক্যাবল SMW-5 স্থাপনের জন্য বিপুল অর্থ বিনিয়োগ করা সত্ত্বেও এর মুনাফা অর্জনের ধারা অব্যাহত রয়েছে যা উত্তোরণের বৃদ্ধি পাচ্ছে।

দুর্বলতাসমূহ :

- বর্তমান বিএসসিসিএল আর বাংলাদেশে সাবমেরিন ক্যাবলের ব্যান্ডউইথ সরবরাহকারী একমাত্র প্রতিষ্ঠান নয়। আইটিসি লাইসেন্সধারী আরও ৬টি প্রতিষ্ঠান একই ধরনের সেবা প্রদান করছে এবং উল্লেখযোগ্য পরিমাণ মার্কেট শেয়ার তাদের দখলে রয়েছে। উক্ত সমস্যা সমাধানকল্পে বিএসসিসিএলের ব্যবসা বহুমুখীকরণ এবং নতুন বাজার সৃষ্টি করা প্রয়োজন।
- বিএসসিসিএলের এনটিটিএন লাইসেন্স না থাকায় দেশের এক প্রান্ত হতে অন্য প্রান্তে ব্যান্ডউইথ পরিবহনের জন্য এনটিটিএন অপারেটরদের উপর নির্ভর করতে হয়। এ কারণে কোম্পানির গ্রাহকগণকে ওয়ান স্টপ সেবা প্রদান করা সম্ভব হয় না।
- যদি সরকার এনটিটিএন লাইসেন্সধারী কোন প্রতিষ্ঠানকে সাবমেরিন ক্যাবল লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে তবে কোম্পানিকে তীব্র প্রতিযোগিতার ও প্রতিদ্বন্দ্বিতার সম্মুখীন হতে হবে।

সুযোগসমূহ :

- দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে মাথাপিছু ব্যান্ডউইথ ব্যবহারের পরিমাণ এখনও অনেক কম। সরকার দেশে ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহার বাড়ানোর জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে যার ফলে বাংলাদেশের মাথাপিছু ব্যান্ডউইথ ব্যবহারের পরিমাণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। তাছাড়াও, প্রতিনিয়তই বাংলাদেশে অনেক অনলাইন ব্যবসা প্রতিষ্ঠিত হচ্ছে, যার ফলে দেশে ইন্টারনেট ব্যান্ডউইথের চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে।
- সম্প্রতি সময়ে সরকার মোবাইল টেলিফোন অপারেটরগণকে ফোর-জি সেবা প্রদানের জন্য লাইসেন্স প্রদান করায় মোবাইল অপারেটরগণ সারা দেশে তাদের ফোর-জি নেটওয়ার্ক সম্প্রসারিত করেছে। এর ফলে দিন দিন ব্যান্ডউইথের চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে।
- সরকার উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসসমূহকে অপটিক ফাইবার ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেটের সাথে সংযুক্ত করার জন্য বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করেছে। একই সাথে সরকার ই-ফাইলিং, ই-টেন্ডারিং, ই-কমার্স, ই-স্বাস্থ্য, ই-কৃষি এবং অন্যান্য অনেক অনলাইন পরিষেবা চালু করায় পাবলিক সেক্টরে ব্যান্ডউইথ জন্য বিশাল চাহিদা তৈরি হয়েছে।
- সরকার দেশের বিভিন্ন অংশে বেশ কয়েকটি আইটি ভিলেজ নির্মাণ করেছে এবং আরো কয়েকটি আইটি ভিলেজ নির্মাণাধীন রয়েছে। এই আইটি ভিলেজগুলিতে প্রতিষ্ঠিত ও প্রতিষ্ঠিতব্য বিভিন্ন আইটি শিল্পে উচ্চ গতির ব্যাপক ব্যান্ডউইথ প্রয়োজন হবে।
- দেশব্যাপী অনেকগুলি ছোট আইএসপি সারা দেশে পরিবার পর্যায়ে বা বাসাবাড়ীতে ফিক্সড ব্রডব্যান্ড বিতরণ নেটওয়ার্ক ছড়িয়ে দেওয়ার জন্য কাজ করে যাচ্ছে এবং প্রতিদিনই এ খাতে ব্যান্ডউইথের নতুন চাহিদা সৃষ্টি হচ্ছে।
- ২০১৫ সালে ভারতের বিএসএনএল-এর সাথে স্বাক্ষরিত চুক্তির আওতায় বিএসসিসিএল ভারতের ত্রিপুরাতে ১০ জিবিপিএস ইন্টারনেট ব্যান্ডউইথ লীজ প্রদান করেছে। বিএসসিসিএল উক্ত চুক্তির আওতায় ভারতের উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলিতে আরো ব্যান্ডউইথ সরবরাহ করতে অগ্রহী। তাছাড়া বিএসসিসিএল ভূটান ও নেপালকে ক্রস বার্ডার ব্যান্ডউইথ লীজ প্রদানের চেষ্টা করছে।
- ক্রমাগত প্রযুক্তিগত উন্নয়নের মাধ্যমে এক জোড়া অপটিক ফাইবারের মধ্য দিয়ে আরও বেশী পরিমাণ ব্যান্ডউইথ পরিবহনের জন্য প্রচেষ্টা চলছে এবং এভাবে সাবমেরিন অপটিক ফাইবার ক্যাবলের ব্যান্ডউইথ বহন ক্ষমতা ক্রমবর্ধমান ভাবে বৃদ্ধি পাচ্ছে।
- ভবিষ্যতে বিএসসিসিএলের পিজিসিবি/বিটিসিএলের যৌথ সহযোগিতায় এনটিটিএন সেবা প্রদানের পরিকল্পনা গ্রহণ করতে পারে।
- ভিশন-২০২১ বাস্তবায়নের জন্য সরকারের প্রচুর ব্যান্ডউইথ প্রয়োজন হবে যার একমাত্র যোগান দাতা হবে বিএসসিসিএল।

এ৪) সরকার ২০২১ হতে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশে ৫জি সেবা চালুর পরিকল্পনা করেছে। উক্ত সেবা চালু হলে দেশের ব্যান্ডউইথ চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পাবে। বিএসসিসিএল ইতোমধ্যে দেশকে তৃতীয় সাবমেরিন ক্যাবলে সংযুক্ত করার মাধ্যমে বাংলাদেশে ৫জি সেবা চালু হলে যে বর্ধিত ব্যান্ডউইথ প্রয়োজন হবে তাসহ ভবিষ্যতের ব্যান্ডউইথ চাহিদা পূরণকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।

ঝুঁকিসমূহ :

কোম্পানির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ঝুঁকি হলো টেলিযোগাযোগ খাতে দ্রুত সাধিত প্রযুক্তিগত পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগের কারণে বিএসসিসিএলের মালিকানাধীন কনসোর্টিয়ামসমূহ কর্তৃক পরিচালিত আন্ডার সি ক্যাবল সিস্টেমের গুরুতর ক্ষতি। যেহেতু এ ধরনের স্থাপনায় প্রচুর মূলধন ব্যবহৃত হয়ে থাকে সেহেতু প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে কোম্পানির সম্পূর্ণ বিনিয়োগ ঝুঁকির সম্মুখীন হতে পারে। এছাড়াও, আন্ডার সি ক্যাবল সিস্টেমের যে কোনও গুরুতর ক্ষতি কোম্পানির সেবা প্রদান এবং রাজস্ব আয়ের সক্ষমতা ব্যাপক ভাবে প্রভাবিত করতে পারে।

শিল্প ঝুঁকি :

বিএসসিসিএলের চেয়ে কম মূল্যে সার্ভিস প্রদান করায় অনেক গ্রাহক আইটিসি অপারেটরগণ হতে সেবা গ্রহণ করে থাকে। তাই, ব্যান্ডউইথ মার্কেটের বড় অংশ ধরে রাখার জন্য বিএসসিসিএলকে প্রায়ই তার পরিসেবাদের দর হ্রাস করতে হয়, যা কোম্পানির রাজস্ব আয়ের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

ব্যবস্থাপনা পর্ষদের মূল্যায়ন :

ডেটা সম্পর্কিত পরিসেবাগুলির জন্য ব্যান্ডউইথের চাহিদা দিন দিন বেড়েই চলেছে। যদি কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যান্ডউইথের মূল্যহ্রাস করেন তবে বিক্রয়ের মাত্রা বেড়ে যাবে। এতে সার্বিক আয় বৃদ্ধি পাবে এবং ইউনিট ব্যয় হ্রাস পাবে। তাই মূল্য হ্রাসের ফলে কোম্পানির আয়ে তেমন প্রভাব পড়বে না বরং কোম্পানির মুনাফা বৃদ্ধি পাবে।

প্রযুক্তিগত ঝুঁকি :

তথ্য ও প্রযুক্তি সেক্টরে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঝুঁকি হচ্ছে প্রযুক্তির ক্ষেত্রে দ্রুত পরিবর্তন। বর্তমানে বিশ্বে প্রযুক্তিগত বিপ্লব চলছে। অবশ্য আমাদের কোম্পানি সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করে আসছে এবং কেবলমাত্র টার্মিনাল ইকুইপমেন্টস প্রতিস্থাপনের মাধ্যমে সিস্টেম আপগ্রেড করার সুযোগ উক্ত সিস্টেমে রয়েছে। ইতোমধ্যেই বিদ্যমান সিস্টেমটিকে চারবার আপগ্রেড করা হয়েছে যার ফলে ক্যাপাসিটি এবং দক্ষতা দুটোই বৃদ্ধি পেয়েছে বা উন্নত হয়েছে। আগামী কয়েক বছরের মধ্যে বিদ্যমান অবকাঠামোর উন্নয়নের জন্য তেমন কোন নতুন বিনিয়োগের প্রয়োজন পড়বে না বলে আশা করা যায়। সূত্রাং প্রযুক্তি সংক্রান্ত ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রার মধ্যে রয়েছে বলে প্রতীয়মান।

বাজার সংক্রান্ত ঝুঁকি :

বিএসসিসিএল এর জন্য প্রধান ঝুঁকিসমূহের একটি হচ্ছে প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা। দেশের সাবমেরিন ক্যাবল সিস্টেমের একমাত্র মালিকানা বিএসসিসিএলের নিকট থাকলেও সরকার ৬টি আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল ক্যাবল (আইটিসি) কোম্পানিকে আইটিসি লাইসেন্স প্রদান করেছে। ফলস্বরূপ, আইটিসি অপারেটরগুলি মাঝে মাঝে কম দামে বিএসসিসিএল-এর গ্রাহকদের কাছে একই ধরনের সেবা প্রদানের প্রস্তাব করে থাকে। গ্রাহকবৃন্দের কেউ কেউ বিএসসিসিএল-এর বদলে আইটিসি অপারেটরগণ থেকেও সার্ভিস গ্রহণ করতে পারে। আইটিসি লাইসেন্সধারী কিছু প্রতিষ্ঠানের এনটিটিএন লাইসেন্স রয়েছে যার ফলে তারা কিছু বাড়তি সুবিধা ভোগ করে। তবে মুম্বাই ও চেন্নাই হতে স্থল পথে টেনে আনা বাংলাদেশ পর্যন্ত দীর্ঘ ও বার বার কেটে যাওয়ার দরুন দুর্বল হয়ে যাওয়া ট্রান্সমিশন লাইনের মাধ্যমে আইটিসি অপারেটরগণ কর্তৃক সরবরাহকৃত ব্যান্ডউইথের মান বিএসসিসিএলের সরবরাহকৃত ব্যান্ডউইথের মানের সমতুল্য নয়। তাছাড়া ল্যাটেনসি কম হওয়ায় বাজারে বিএসসিসিএলের ব্যান্ডউইথের গুণমান আইটিসি অপারেটরগণ কর্তৃক সরবরাহকৃত ব্যান্ডউইথের মান হতে ভাল বলে বিবেচিত। তবে সম্প্রতি সময়ে সরকারের বেসরকারী খাতে সাবমেরিন ক্যাবল লাইসেন্স প্রদানের পরিকল্পনা রয়েছে মর্মে অবহিত হওয়া গিয়েছে। যদি কোন এনটিটিএন অপারেটরকে এরূপ লাইসেন্স প্রদান করা হয় তবে বিএসসিসিএল অসম প্রতিযোগিতার সম্মুখীন হতে পারে। সেক্ষেত্রে কোম্পানির অগ্রযাত্রার ধারা ব্যাহত হতে পারে। বর্তমান বিচারে বাজার সংক্রান্ত ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রার মধ্যে রয়েছে বলে প্রতীয়মান।

পরিচালনা ঝুঁকি :

একটি সাবমেরিন ক্যাবল কাটা পড়লে ভয়েস ও ডেটা কমিউনিকেশনের ক্ষেত্রে অন্তত ৭ থেকে ১০ দিনের জন্য দেশকে অসুবিধার মুখে পড়তে হবে। সৌভাগ্যক্রমে বর্তমানে কোম্পানির অধীনে দুটি সাবমেরিন ক্যাবল রয়েছে। একটি কাটা পড়লে অন্যটি দিয়ে ব্যাকআপ দেয়া সম্ভব হবে। কিন্তু দুটি সাবমেরিন ক্যাবলই একই সাথে বিকল হলে দেশের ভয়েস ও ডেটা কমিউনিকেশন সেবা ব্যাপক ভাবে ব্যাহত হবে। যদিও উপগ্রহ ব্যবস্থা ও আইটিসির মাধ্যমে কিছুটা যোগাযোগ রাখা সম্ভব হবে কিন্তু সাবমেরিন ক্যাবলের সাথে তুলনা করলে তা যথেষ্ট কমমাত্রার। তবে অপরাপর সাবমেরিন ক্যাবলের সুবিধা ব্যবহার করে কোম্পানি এ ধরনের পরিস্থিতি মোকাবেলায় সক্ষম তাই পরিচালনা ঝুঁকির মাত্রাও কম হিসেবে বলা যায়।

মূল্য নির্ধারণের ক্ষেত্রে ঝুঁকি :

সাবমেরিন ক্যাবলের ক্ষেত্রে দেশের বাজারে একচেটিয়া আধিপত্য থাকায় কোম্পানি বাজার চাহিদা বিবেচনায় প্রয়োজন মত মূল্য পরিবর্তনের সুবিধা ভোগ করেছে। তবে সরকার ও বিটিআরসি এক্ষেত্রে মূল্যহার নিয়ন্ত্রণ করে থাকে। সরকার এবং স্টেকহোল্ডাররা আইপিএলসি চার্জ কমাতে চাপ প্রদান করছেন। এর ফলশ্রুতিতে আইপিএলসি চার্জ উল্লেখযোগ্য হারে কমাতে হলে কোম্পানির প্রত্যাশিত মোট রাজস্ব আয় অর্জিত নাও হতে পারে। সূত্রাং মূল্য নির্ধারণের ক্ষেত্রে কোম্পানির জন্য কিছুটা ঝুঁকি বিদ্যমান। এ ধরনের মূল্য হ্রাসের ক্ষেত্রে কোম্পানির আয় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। তবে বিএসসিসিএল মূল্য সংকোচনের বিপরীতে ব্যান্ডউইথ এর সরবরাহ বৃদ্ধির মাধ্যমে মূল্য নির্ধারণ ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রায় সীমিত রেখে থাকে।

অস্বাভাবিক আয় বা ব্যয় :

বিবেচনাধীন বছরে কোম্পানির অস্বাভাবিক কোন আয় বা ব্যয়ের ঘটনা ঘটেনি।

আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেন :

চলতি অর্থ বছরে আন্তঃসম্পর্কিত কোম্পানির লেনদেন সংক্রান্ত তথ্যাদি আর্থিক প্রতিবেদনের নোট নং- ৫২-এ বিস্তারিত বর্ণিত আছে।

আর্থিক প্রতিবেদনে তাৎপর্যপূর্ণ বিচ্যুতি :

উল্লেখযোগ্য হারে রাজস্ব আয় বৃদ্ধির কারণে গত বছরের তুলনায় চলতি অর্থ বছরে কোম্পানির কর পরবর্তী নীট মুনাফা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে।

পরিচালকবৃন্দের সম্মানী :

২০১৮-২০১৯ হিসাব বৎসরে বোর্ড সভায় উপস্থিতি বাবদ পরিচালকগণকে মোট ৫,২৫,৯০৫.০০ টাকা (ভ্যাট ট্যাক্সসহ) সম্মানী হিসেবে প্রদান করা হয়েছে।

মানব সম্পদ ব্যবস্থাপনা :

অনুমোদিত মানবসম্পদ কাঠামো অনুযায়ী কোম্পানির মোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১৮০। ৩০শে জুন ২০১৯ তারিখে কোম্পানিতে নিযুক্ত কর্মকর্তা কর্মচারীর সংখ্যা ছিল ১১৩ জন। কর্মকর্তা ৪৯ জন এবং কর্মচারী ৬৪ জন এর মধ্যে ১১০ জন স্থায়ীভাবে নিযুক্ত এবং অস্থায়ীভাবে নিযুক্ত আছে ৩ জন। বিএসসিসিএল এর বোর্ড কর্তৃক অনুমোদিত নিজস্ব মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা রয়েছে। ২০১৮-২০১৯ হিসাব বছরে ২ জন কর্মকর্তা কোম্পানি থেকে পদত্যাগ করেছেন। কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীদের উৎসব ভাতা, মুনাফার অংশ, ভবিষ্যত তহবিল, গ্র্যাচুইটি সুবিধা প্রদান করে থাকে। এছাড়াও কোম্পানি যাচাই বাছাই সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে চিকিৎসা খরচ প্রদান করে থাকে। পদোন্নতির ক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা মূল্যায়ন করা হয়ে থাকে।

তথ্য ও প্রযুক্তি :

তথ্য প্রযুক্তি নির্ভর সংস্থা হিসেবে বিএসসিসিএল উন্নত তথ্য প্রযুক্তি দ্বারা পরিচালিত। বিএসসিসিএল SSEOPS, Go-Global U X 2.1.2 এর মাধ্যমে অন্যান্য সদস্য দেশের সাথে Real time virtual online যোগাযোগ রক্ষা করে। এই কোম্পানি ল্যান্ডিং স্টেশনে স্থাপিত System Surveillance Equipment (SSE) এর মাধ্যমে সম্পূর্ণ সাবমেরিন পদ্ধতি পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করে থাকে। বিএসসিসিএল যাবতীয় হিসাব সংরক্ষণের জন্য Tally Software ব্যবহার করে থাকে। তাছাড়া কোম্পানির তিনটি নেটওয়ার্ক অপারেশন সেন্টার হতে ২৪ x ৭ ভিত্তিতে গ্রাহকগণকে সেবা প্রদানকল্পে সফটওয়্যার ব্যবহার করা হয়ে থাকে।

আর্থিক প্রতিবেদন সম্পর্কে পরিচালকগণের ঘোষণা :

পরিচালকগণ গুরুত্ব সহকারে ঘোষণা করছেন যে:

- ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহ যথার্থ ও যথাযথ ভাবে প্রস্তুত করা হয়েছে।
- আইনের বিধান অনুযায়ী যথাযথ ভাবে কোম্পানির হিসাব বই সংরক্ষণ করা হয়েছে।
- আর্থিক বিবরণী প্রস্তুত কালে সামঞ্জস্যপূর্ণ ভাবে যথাযথ হিসাব নীতিমালা অনুসরণ করা হয়েছে এবং যুক্তিযুক্ত ও বিচক্ষণ বিবেচনার মাধ্যমে হিসাব সংক্রান্ত প্রাক্কলন করা হয়েছে।
- বাংলাদেশে প্রযোজ্য আন্তর্জাতিক একাউন্টিং স্ট্যান্ডার্ড (আই.এ.এস)/আন্তর্জাতিক ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড (আই.এফ.আর.এস) যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে।
- কোম্পানি চলমান প্রতিষ্ঠান হিসেবে (Going Concern) অব্যাহত থাকার ব্যাপারে কোন সন্দেহ নাই।
- অত্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া যথাযথভাবে কার্যকর রয়েছে।

পরিচালনা পর্ষদের সভা :

২০১৮-২০১৯ হিসাব বৎসরে ব্যবসায়িক কার্যক্রম আলোচনা এবং অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদের মোট ৯টি সভা অনুষ্ঠিত হয়েছে।

পরিচালকগণের নিয়োগ ও পুনঃনিয়োগ :

কোম্পানির সংঘবিধির বিধি ১২০, ১২১ ও ১২২ মোতাবেক বিএসসিসিএল এর চেয়ারম্যান জনাব অশোক কুমার বিশ্বাস ও পরিচালক জনাব মোঃ আজিজুল ইসলাম আসন্ন বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পুনরায় নির্বাচিত হবার জন্য বিবেচিত হবেন।

১০ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবার পর কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জনাব অশোক কুমার বিশ্বাস, সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে জনাব শ্যামসুন্দর সিকদার, সাবেক সিনিয়র সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্থলে কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হয়। তাছাড়া উক্ত সময়ে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক কর্ণেল রাকিবুল করিম চৌধুরী, এএফডাব্লিউসি, পিএসসিকে কর্ণেল মোঃ আরেফিন তালুকদার, পিএসসি এর স্থলে কোম্পানির পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। এছাড়াও উক্ত সময়ে কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক পদে জনাব মশিউর রহমান-কে প্রেষণে পুনঃনিয়োগ প্রদান করা হয়েছে। উপরোক্ত সকল নিয়োগ, পুনঃনিয়োগ ও কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকের পুনঃনিয়োগের বিষয়টি কোম্পানির আসন্ন ১১তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হতে হবে।

বোর্ডের আকার :

স্বতন্ত্র পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালকসহ পরিচালনা পর্ষদে পরিচালকের সংখ্যা ৯ জন, যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর গাইড লাইন অনুযায়ী গঠিত হয়েছে।

১.২ স্বতন্ত্র পরিচালক:

১.২.১ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুসারে জনাব নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, এফসিএস-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে ২০১৭ সালের ২৭শে এপ্রিল পুনঃনিয়োগ দেওয়া হয়েছে। তিনি আইসিএবি এর প্রাক্তন সভাপতি এবং বর্তমান কাউন্সিল মেম্বর এবং ম্যাবস এন্ড জে পার্টনারস্, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস্ এর একজন জ্যেষ্ঠ অংশীদার।

১.২.২ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুসারে জনাব হোসেন খালেদ -কে ২০১৮ সালের ১০ই জুন স্বতন্ত্র পরিচালক হিসেবে পুনঃনিয়োগ দেওয়া হয়েছে। ইতিপূর্বে তিনি ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১.৩ স্বতন্ত্র পরিচালকদের যোগ্যতা :

জনাব নাসির উদ্দিন আহমেদ এফসিএ, এফসিএস, ম্যাবস এন্ড জে পার্টনারস্, চার্টার্ড অ্যাকাউন্টেন্টস্ এর একজন জ্যেষ্ঠ অংশীদার। তিনি আইসিএসবি এর একজন ফেলো মেম্বর ও আইসিএবি এর প্রাক্তন সভাপতি। বর্তমানে তিনি আইসিএবি এর কাউন্সিল মেম্বর হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব হোসেন খালেদ ইতোপূর্বে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সাবেক সভাপতি ছিলেন। তিনি যুক্তরাষ্ট্র হতে বিবিএ ও এমবিএ সম্পন্ন করেছেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সাথে জড়িত আছেন।

১.৪. পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা :

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছেন।

১.৫. পরিচালনা পর্ষদের প্রতিবেদন :

বিএসইসিসহ সকল নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা মোতাবেক পরিচালনা পর্ষদের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২. প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সেক্রেটারী ও প্রধান নিরীক্ষা কর্মকর্তা :

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুযায়ী প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানি সেক্রেটারী ও প্রধান নিরীক্ষা কর্মকর্তা হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছেন।

৩. নিরীক্ষা কমিটি :

পরিচালনা পর্ষদের একটি সাব-কমিটি হিসেবে ২০১২ সালের ২৫শে সেপ্টেম্বর একজন স্বতন্ত্র পরিচালক এবং দুইজন পরিচালকের সমন্বয়ে নিরীক্ষা কমিটি গঠিত হয়েছিল। পরবর্তীতে এই কমিটি দুইজন স্বতন্ত্র পরিচালক এবং একজন পরিচালকের সমন্বয়ে পুনর্গঠিত হয়। কোম্পানি সচিব এই কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। বিএসইসি এর নির্দেশনা অনুযায়ী অডিট কমিটির দায়িত্ব ও কর্তব্য বোর্ড কর্তৃক অনুমোদিত। অডিট কমিটির রিপোর্ট ২০১৮-২০১৯ বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৪. রেমুনারেশন ও নমিনেশন কমিটি (এনআরসি) গঠন :

২৯শে সেপ্টেম্বর, ২০১৮খ্রি. তারিখে কোম্পানির ৩ জন পরিচালক ও ২ জন স্বতন্ত্র পরিচালকের সমন্বয়ে এনআরসি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির টিওআর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ এর বিধি- ৬ এর সংশ্লিষ্ট অংশের নির্দেশনা মোতাবেক নির্ধারণ করা হয়। এনআরসি'র প্রতিবেদন ২০১৮-২০১৯ এর বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত রয়েছে।

৫. বহিঃ নিরীক্ষক নিয়োগ :

বিএসইসি'র বিধান অনুযায়ী বহিঃ নিরীক্ষক নিযুক্ত রয়েছে।

৬. সাবসিডিয়ারি কোম্পানি :

বিএসসিসিএলের কোন সাবসিডিয়ারি কোম্পানি নেই।

৭. সিইও ও সিএফও এর দায়িত্ব :

এক্ষেত্রে বিএসইসি'র বিধান অনুসরণ করা হয়েছে।

৮. কর্পোরেট গভর্নেন্স পরিপালন সংক্রান্ত প্রতিবেদন :

কর্পোরেট গভর্নেন্স পরিপালন সংক্রান্ত প্রতিবেদন বার্ষিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করা হয়েছে।

৯. মূলধন কাঠামো :

কোম্পানির অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা যা ১০ টাকা মূল্যের ১০০ কোটি শেয়ার দ্বারা গঠিত। উল্লেখ্য যে, কোম্পানির পরিশোধিত মূলধনের পরিমাণ ১৬৪.৯১ কোটি টাকা।

১০. কোম্পানি ব্যবসায়িক কার্যক্রম :

উন্নত ব্যান্ডউইথ সরবরাহ এর মাধ্যমে সকলের জন্য টেলিযোগাযোগ সেবা নিশ্চিত করাই কোম্পানির মূল উদ্দেশ্য। আলোচ্য বছরে ব্যান্ডউইথ ইউটিলাইজেশন ও আইপিএলসি খাত হতে কোম্পানির আয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ভারতে ইন্টারনেট ব্যান্ডউইথ রপ্তানি কার্যক্রম গত তিন বছরের ন্যায় চতুর্থ বছরেরও অব্যাহত রয়েছে। ভারতে ইন্টারনেট ব্যান্ডউইথ রপ্তানির মাধ্যমে বিএসসিসিএল দেশের রপ্তানি পণ্যের তালিকায় নতুন নাম যোগ করতে সক্ষম হয়েছে।

১১. আর্থিক ফলাফল :

২০১৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত আর্থিক বছরে কোম্পানির মোট সমন্বিত আয়ের পরিমাণ ৫৮৫.৭৬ মিলিয়ন টাকা, শেয়ার প্রতি আয় ৩.৫৫ টাকা, শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য ৩৮.৭৪ টাকা এবং শেয়ার প্রতি নীট পরিচালন নগদ প্রবাহ ৭.৩০ টাকা যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল যথাক্রমে ৭৩.২৬ মিলিয়ন টাকা, ০.৪৪ টাকা, ৩৫.৬৮ টাকা এবং ৪.০৭ টাকা। উক্ত সময়ের একটি সংক্ষিপ্ত আর্থিক ফলাফল নিম্নে উপস্থাপন করা হল :

বিবরণ	মিলিয়ন (টাকা)		প্রবৃদ্ধি (%)
	২০১৮-১৯	২০১৭-১৮	
রাজস্ব আয়	১৯৫৫.৬৭	১৪০৫.০৪	৩৯.১৯%
প্রত্যক্ষ পরিচালন ব্যয়	৬২০.৭৫	৬১২.৭৭	১.৩০%
মোট মুনাফা	১৩৩৪.৯১	৭৯২.২৭	৬৮.৪৯%
পরিচালন ব্যয়	৪৮৫.৫৫	৩৯৬.৮৬	২২.৩৪%
পরিচালন মুনাফা	৮৪৯.৩৬	৩৯৫.৪০	১১৪.৮০%
নীট পরিচালন আয় / (ব্যয়)	(৩১.৪৫)	(৮৬.৮৪)	(৬৩.৭৮)%
কর পূর্ববর্তী নীট মুনাফা	৭৭৮.৯৬	২৯৩.৮৭	১৬৫.০৬%
আয়কর ব্যয়	১৯৩.২০	২২০.৬১	(১২.৪২)%
কর পূর্ববর্তী নীট মুনাফা	৫৮৫.৭৬	৭৩.২৬	৬৯৯.৫৬%
ট্যাক্স হলিডে রিজার্ভ	৭.৫৭	৪৪.০৩	(৮২.৮০)%
মোট সমন্বিত আয়	৫৮৫.৭৬	৭৩.২৬	৬৯৯.৫৬%
প্রস্তাবিত লভ্যাংশ	২৬৩.৮৫	৮২.৪৫	২২০.০১%

১২. লভ্যাংশ :

৩০শে জুন, ২০১৯খ্রি: তারিখে কর কর্তনের পর কোম্পানির নীট মুনাফার পরিমাণ দাড়িয়েছে ৫৮,৫৭,৫৮,০৭১.০০ টাকা। কোম্পানির পরিচালনা পর্ষদ বিবেচ্য সমাপ্ত অর্থ বৎসরে জন্য ১৬% নগদ লভ্যাংশ ঘোষণার জন্য সুপারিশ করেছে।

১৩. নিরীক্ষক নিয়োগ :

কোম্পানি আইন-১৯৯৪ এর ধারা ২১০ এবং কোম্পানির সংঘবিধির বিধি ১৬৯ মোতাবেক বার্ষিক সাধারণ সভায় কোম্পানির এক বা একাধিক নিরীক্ষক নিয়োগ করতে হবে। উল্লিখিত বিধি বিধান অনুসরণকরতঃ ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য ২,৬০,০০০.০০ টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি' প্রদান সাপেক্ষে মেসার্স এস.এফ.আহমেদ এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস্ -কে কোম্পানির বহিঃ নিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হয়েছিল। কোম্পানির নিরীক্ষক মেসার্স এস.এফ.আহমেদ এন্ড কোং চার্টার্ড একাউন্টেন্টস্ ১১তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পুনরায় নিয়োগ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। এতদুদ্দেশ্যে কোম্পানির পরিচালনা পর্ষদ মেসার্স এস.এফ.আহমেদ এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস্ -কে ৩,০০,০০০.০০ টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি' প্রদান সাপেক্ষে ১২তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত না হওয়া পর্যন্ত সময়ের জন্য কোম্পানির বহিঃ নিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করেছেন। তাছাড়া বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নির্দেশনা নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখঃ ০৩/০৬/২০১৮খ্রিঃ এর নির্দেশনা মোতাবেক ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য কর্পোরেট গভর্নেন্স কোড ২০১৮ পরিপালন সংক্রান্ত সনদ সংগ্রহকল্পে বিএসইসি কর্তৃক নির্ধারিত চার্টার্ড একাউন্টেন্টস্/চার্টার্ড কস্ট এন্ড ম্যানেজম্যান্ট একাউন্টেন্টস্/চার্টার্ড সেক্রেটারী পেশাজীবিকে কোম্পানির কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিয়োগ প্রদান করতে হবে। উক্ত সময়ের কোম্পানির কমপ্লায়েন্স অডিট ও এ সংক্রান্ত সনদ প্রদানের জন্য কোম্পানির পরিচালনা পর্ষদ মেসার্স সুরাইয়া পারভিন এন্ড এসোসিয়েটস, চার্টার্ড সেক্রেটারীজ-কে ৪৫,০০০.০০ (ভ্যাট ব্যতীত) টাকা সম্মানীতে নিয়োগ প্রদানের সুপারিশ করেছে।

১৪. ভবিষ্যত পরিকল্পনা :

বিএসসিসিএল দেশকে আরও একটি (তৃতীয়) সাবমেরিন ক্যাবলের সাথে সংযুক্ত করার পরিকল্পনা করেছে। সরকারের নির্দেশনার প্রেক্ষিতে বিএসসিসিএল ইতোমধ্যে SMW-6 কনসোর্টিয়ামের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। প্রযুক্তি, ব্যয় ও নকশা চূড়ান্ত হওয়ার পরে সামগ্রিক চিত্র বিবেচনায় নিয়ে বিএসসিসিএল SMW-6 কনসোর্টিয়ামের সাথে আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর করতে পারে। প্রাথমিক তথ্য অনুসারে আশা করা হচ্ছে যে, ২০২৩ সালের মধ্যে সাবমেরিন ক্যাবলটি ব্যবহারের জন্য প্রস্তুত থাকবে। সর্বশেষ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রকৃত অবস্থান পরবর্তী বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের কাছে উপস্থাপন করা হবে।

উপসংহার :

২০১৮-২০১৯ হিসাব বৎসরে সফলতার সাথে কর্মকান্ড পরিচালনা করতে পেরে পরিচালনা পর্ষদ আপনাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে। সম্মানিত গ্রাহক, শেয়ারহোল্ডার এবং পৃষ্ঠপোষকদের সমর্থন ও সহযোগিতার জন্য পরিচালনা পর্ষদ সকলকে ধন্যবাদ জানাচ্ছে। পরিচালনা পর্ষদ যথাসময়ে সহযোগিতা ও সঠিক দিক নির্দেশনা প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বিটিসিএল, বিটিআরসি, বিএসইসি, ডিএসই, সিএসই, আরজেএসসি, সিডিবিএল এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাকে ধন্যবাদ জ্ঞাপন করেছে।

দেশে দ্রুত তথ্য ও প্রযুক্তি সেবার বিকাশ লাভ করবে এবং একটি ডিজিটাল সেবা ভিত্তিক সমাজ ব্যবস্থা গড়ে উঠবে মর্মে পরিচালনা পর্ষদ প্রত্যাশা করছে। কোম্পানির সর্বোপরি উন্নতির লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীদের সততা, নিরলস প্রচেষ্টা, একত্র সেবা ও সার্বিক সহযোগিতার জন্য পরিচালনা পর্ষদ তাদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছে।



মশিউর রহমান

ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল।

পরিচালনা পর্ষদের পক্ষে



নাসির উদ্দিন আহমেদ, এফসিএ, এফসিএস

স্বতন্ত্র পরিচালক, বিএসসিসিএল।